14

দৈনিক সংবাদ

তারিখ ... 17 AUG 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ৪

# যশোরের খাতা কেলেংকারি আটক মাদ্রাসা শিক্ষক গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

খুলনা, ১৬ই আগস্ট।–যশোর বোর্ডের সদ্য সমাপ্ত উচ্চ মাধ্যমিক পরীক্ষার ইংরেজি প্রথম পত্রের খাতা কেলেংকারির অভিযোগে গ্রেফতারকৃত মাদ্রাসা শিক্ষক ও তার সহযোগী পুলিশের কাছে কিছু গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করেছে। অন্যদিকে একই নামে ওঠানো ৭শ' খাতার (উত্তরপত্র) বাকি ৩শ' ৫০টি এখনও উদ্ধার করা সম্ভব হয়নি।

গত রোববার রাতে খুলনা থানা পুলিশ মহানগরীর একটি হোটেল থেকে ইংরেজি প্রথম পত্রের ৩শ' ৫০টি খাতাসহ মাদ্রাসা শিক্ষক সাইদুর রহমান ও তার সহযোগী মুজিবর রহমানকে গ্রেফতার করে। তারা রিমান্ডে রয়েছে।

পুলিশ জানায়, ভান্ডারিয়া কলেজের প্রভাষক সুলতান আহমেদের নামে যশোর বোর্ড থেকে ৭শ' ইংরেজি প্রথম পত্রের খাতা ওঠানো হয়েছে। এরমধ্যে ৩শ' ৫০টিসহ এদের গ্রেফতার করা হয়েছে। তবে বাকি খাতা এবং এর সঙ্গে যুক্ত ব্যক্তিদের পুলিশ গ্রেফতারের চেষ্টা চালাচ্ছে।

যশোর বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে টেলিফোনে আলাপ করলে তিনি জানান, আগামীকাল উদ্ধারকৃত ৩শ' ৫০টি খাতা খুলনা থেকে নেয়া হবে। এই খাতাগুলো নেয়ার সময় ভান্ডারিয়া কলেজের অধ্যক্ষের চিঠিসহ সুলতান আহমেদের সই নেয়া হয়েছে। এ ব্যাপারে তদন্তের জন্য ভান্ডারিয়া কলেজে যোগাযোগ হচ্ছে বলে তিনি জানান।